



বাংলাদেশ সেনাবাহিনী

নিয়োগ বিজ্ঞপ্তি-অসামরিক ফরাসী দোভাষী

১। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীর কন্টিনেন্টের সাথে কাজ করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে ০১ (এক) বৎসর অথবা সর্বোচ্চ মিশন শেষ হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক দোভাষী (ফরাসী ভাষা) নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা ভাষা ইনস্টিটিউট হতে ফরাসী ভাষায় ন্যূনপক্ষে ডিপ্লোমা (A-2) কোর্স পাশসহ কমপক্ষে স্নাতক অথবা সমমানের যোগ্যতা সম্পন্ন হতে হবে। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে যদি কেউ (A-2) পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে, তবে ফল প্রকাশ না হলে ও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরবর্তীতে ফলাফল প্রকাশের পর A-2 পরীক্ষায় কৃতকার্য সাপেক্ষে যোগ্য বিবেচিত হবেন। উল্লেখ্য, B-1 কোর্স সম্পন্ন ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ফরাসী ভাষায় পারদর্শী এবং দোভাষী হিসেবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

খ। ফরাসী হতে ইংরেজী, ইংরেজী হতে ফরাসী, বাংলা হতে ফরাসী ও ফরাসী হতে বাংলা ভাষায় বাক্য বিনিময় ও অনুবাদসহ ইংরেজী ও ফরাসী ভাষায় লেখা এবং অনর্গল কথা বলার পারদর্শী হতে হবে। এছাড়া কম্পিউটার বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।

গ। বিজ্ঞপ্তি অনুযায়ী ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখে আবেদনকারীর বয়সসীমা ২৪ হতে ৪৫ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশী কন্টিনেন্টের সাথে মাঠ পর্যায়ে কাজ করার জন্য শারীরিকভাবে যোগ্য ও সুঠাম দেহের অধিকারী এবং সম্মিলিত সামরিক হাসপাতাল হতে মিশনের প্রয়োজনানুযায়ী নির্ধারিত ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে। যে সকল প্রার্থী ইতোপূর্বে ০৩ বছর মেয়াদকাল দোভাষী হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত ছিলেন ও দোভাষী হিসেবে কর্মরত থাকাকালীন অনিচ্ছুক সনদপত্র প্রদান করেছেন তারা আবেদন করতে পারবেন না। উল্লেখ্য, মিশন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তন করার পর অস্থায়ী নিয়োগ হতে অব্যাহতি দেয়া হবে এবং তারপর হতে আর কোন ভাতা ও সুযোগ সুবিধা প্রাপ্ত হবেন না।

ঙ। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ব-শাসিত ইত্যাদি প্রতিষ্ঠানে চাকুরীরত যোগ্য প্রার্থীদেরকে সকল শর্তাবলী অনুসরণ পূর্বক স্বাধিক কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে।

চ। বেতন ও সুবিধাদি। মিশনে নিয়োজিত সেনাবাহিনীর ক্যাপ্টেন পদবীর ভারতীয় অনুরূপ যা সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্য হবে। বর্তমানে প্রাপ্য ভাতা প্রতিমাসে ২৫৩২ (দুই হাজার পঁচাত্তর বক্রিশ) মার্কিন ডলার যা ইউএন/বাংলাদেশ সরকার কর্তৃক পরিবর্তন যোগ্য। খাদ্য, বাসস্থান, চিকিৎসা, যানবাহন ও সামরিক পোষাক বিনামূল্যে প্রাপ্য হবেন।

২। আগ্রহী প্রার্থীগণ নিজ নাম, পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, মোবাইল নম্বর এবং সমস্ত শিক্ষাগত যোগ্যতার বিবরণ উল্লেখ পূর্বক দরখাস্তের সাথে সদ্য তৈরি ০৩ (তিন) কপি পাসপোর্ট ছবি, জাতীয়তা সনদপত্র, সমস্ত শিক্ষাগত যোগ্যতার ও সকল অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে 'AHQ, OO Dte Pte Fund' এর অনকূলে ৫০০/- টাকার অক্ষেরং যোগ্য ব্যাংক ড্রাফটসহ আগামী ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে সেনাসদর, জিএস শাখা (ওভারসীজ অপারেশনস্ পরিদপ্তর), ঢাকা সেনানিবাসে ডাকযোগে/হস্তে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ অন্য যে কোন প্রসংগে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ০৮৩০ ঘটিকায় ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিএমএইচ, ঢাকা সেনানিবাসে উপস্থিত থাকতে হবে এবং ডাক্তারী পরীক্ষায় যোগ্য প্রার্থীগণ আগামী ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ০৯০০ ঘটিকায় সেনাকুঞ্জ, আর্মি ল্যাংগুয়েজ ল্যাব, ঢাকা সেনানিবাস অথবা ইউএন ট্রানজিট কমপ্লেক্স, ঢাকা সেনানিবাসে (৭০৩ মিডিয়াম ওয়ার্কশপ কোম্পানী সংলগ্ন এলাকা) অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

৪। প্রার্থীগণকে নির্বাচিত হওয়ার পর পুলিশ ভেরিফিকেশনে যোগ্য হতে হবে এবং যে কোন সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক প্রার্থীগণ মিশন এলাকায় মোতায়েন হতে বাধ্য থাকবেন। নিযুক্ত হবার পর প্রার্থীগণের পূর্বাগত যেকোন প্রকার শৃংখলা ভংগজনিত কর্মকাণ্ডের কারণে তদন্ত সাপেক্ষে প্রয়োজ্য আইনানুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এজিয়ারভুক্ত হবে।

আই এস পি আর/সেনা/ ২০২২/৪৭৮

৩/০৮/২২

স-১৯০২ (৬×৩)

জিএসও-১ (মবিলাইজেশন এন্ড ডিমবিলাইজেশন)

জেনারেল স্টাফ শাখা, ওভারসীজ অপারেশনস্ পরিদপ্তর

সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস